**নির্বাচন কমিশন**
**আলোর প্রদীপ**
**সামাজিক উন্নয়নমূলক সংগঠন**
**আলোর প্রদীপ চত্ত্বর,কাবিলপুর,সোনাতলা,বগুড়া।**
স্থাপিতঃ ২০০৮খ্রিঃ।

মোবাইলঃ- ০১৭৭০-০৭৩২৮১/০১৭৩৬-৯০৩১৬৩
ই-মেইলঃallorprodip2008@gmail.com
Web: www.allorprodip2008.org

**তফসীলঃ নি/ক/আ/প/-০৭-০১-২১**

**আলোর প্রদীপ গঠনতন্ত্রের সপ্তম অধ্যায়ের অনু-২এর (১) ও (২) নং দফার প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত নির্বাচনী তফসীল ঘোষিত হলোঃ**

**বিষয়ঃ**
৭ম কার্যপরিষদ নির্বাচন ২০২১ এর নির্বাচনের সময়সূচী,মনোনয়ন পত্র উত্তোলন,সাংগঠনিক উপ কমিটির সুপারিশ গ্রহন,মনোনয়ন পত্র জমা,মনোনয়ন পত্র যাচাই বাছাই,প্রতীক বরাদ্দ,আচরণ বিধি ইত্যাদি।

উপযুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে ৭ম কার্যপরিষদ সাধারণ নির্বাচন-২০২১ এর অন্তর্ভূক্ত করনীয় বিষয়াবলি ও কমিশন কর্তৃক নির্দেশাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ-

**১। সময়সূচীঃ-**
**(ক) মনোনয়ন পত্র সংগ্রহ ও জমাদানঃ** ১৪/০৭/২০২১ খ্রিঃ(বুধবার) – হতে ১৮/০৭/২০২১ খ্রিঃ (রবিবার) পর্যন্ত। (অনলাইনে গুগল ফর্মে অথবা ওয়েবসাইট থেকে মনোনয়ন পত্র সংগ্রহ ও পূরনকৃত মনোনয়ন ফরম স্ক্যান করে PDF ফাইল ই-মেইলঃ allorprodip2008@gmail.com এর মাধ্যমে দাখিল করা যাবে)।
**(খ) মনোনয়ন পত্র যাচাই বাছাইঃ** ১৯/০৭/২০২১ খ্রিঃ(সোমবার)।
**(গ) প্রার্থীতা প্রত্যাহারঃ** ১৯/০৭/২০২১ খ্রিঃ(সোমবার) বিকাল ৩.০০টা পর্যন্ত।
**(ঘ) প্রতীক বরাদ্দঃ** ১৯/০৭/২০২১খ্রিঃ(সোমবার) বিকাল ৪.০০ টায়।
**(ঙ) ভোট গ্রহনের তারিখঃ** ২২/০৭/২০২১ খ্রিঃ(বৃহস্পতিবার)।
**(চ) ভোট গ্রহনের সময়ঃ** সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত। উল্লেখ্য দুপুর ১.০০ ঘটিকা হতে ২.০০ ঘটিকা পর্যন্ত মধ্যাহ্ন বিরতি।
**(ছ) ভোট প্রদান মাধ্যমঃ** নির্ধারিত ব্যালট পেপার ও অনলাইন (অনলাইনে ভোট প্রদানের ক্ষেত্রে মেসেঞ্জার গ্রুপে গুগল ফর্মের লিংক দেয়া হবে নির্বাচনের দিন। উক্ত ফর্মের মাধ্যমেও ভোট প্রদান করা যাবে এছাড়া সংগঠনের মোবাইলে এসএমএস করেও ভোট দেয়া যাবে)।
(বিঃ দ্রঃ ১৯/০৭/২০২১ খ্রিঃ প্রতীক বরাদ্দের পর ২১/০৭/২০২১ খ্রিঃ রাত ১২.০০ ঘটিকা সময় পর্যন্ত নির্বাচনি প্রচার প্রচারণা চালানো যাবে)
**২। সাংগঠনিক উপ কমিটির সুপারিশঃ**
আলোর প্রদীপ গঠনতন্ত্রের অষ্টম অধ্যায়ের অনু-২ এর (ক) নং দফার (৪) নং বিধি অনুসারে সকল প্রার্থীকে সাংগঠনিক উপ কমিটির সুপারিশ গ্রহণ ও উক্ত সুপারিশ নম্বর মনোনয়ন পত্রে উল্লেখ করতে হবে।

**৩। প্রার্থীর সমর্থকঃ**
মনোনয়ন পত্রে নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত একজন ভোটারের অনুসমর্থন মনোনয়ন পত্রে উল্লেখ ও উক্ত সমর্থনকারী ভোটারের স্ব-স্বাক্ষর থাকতে হবে।

**৪। মনোনয়ন পত্র বাছাইয়ের পর আপিল দায়ের ও নিষ্পত্তিঃ** কোন প্রার্থীর মনোনয়ন পত্র নির্বাচন কমিশন বাতিল ঘোষণা করলে উক্ত সংক্ষুদ্ধ প্রার্থী প্রধান উপদেষ্টা বা তৎকর্তৃক নির্দেশিত উপদেষ্টার নিকট আপিল দায়ের করতে পারবেন প্রতীক বরাদ্দের দুই কার্যদিবসের মধ্যে ।আপিলে মনোনয়ন পত্র গৃহীত হলে উক্ত প্রার্থী নির্বাচনে অংশগ্রহনের সুযোগ পাবেন।

**৫। মনোনয়ন পত্রের সাথে দাখিলকৃত কাগজাদিঃ**
(ক) এক কপি পাসপোর্ট সাইজের ছবি।
(খ) সাংগঠনিক উপ-কমিটির সুপারিশ পত্র বা গোপন নম্বর।
(গ) কোন সম্মাননা প্রাপ্ত হলে তার ফটোকপি।
(ঘ) নির্বাচনিক ফি প্রদানের নিশ্চয়ন পত্র/নম্বর।
(ঙ) আলোর প্রদীপ কর্তৃক প্রদত্ত পরিচয়পত্রের ফটোকপি।
(চ) জাতীয় পরিচয়পত্র/ জন্মসনদের ফটোকপি (শিথিলযোগ্য)।

**৬। জামানতঃ** প্রত্যেক নির্বাচিত প্রার্থীকে শপথ গ্রহনের পূর্বেই  ১০০/-(একশত টাকা মাত্র) জামানত হিসেবে জমা দিতে হবে। মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর জামানতের সম্পূর্ণ অর্থ ফেরত যোগ্য। যদি প্রার্থিতা বাতিল হয় তবে জামানত ফেরত পাবে। এবং ভোটে ৫ শতাংশ এর কম ভোট প্রাপ্ত হলে জামানত বাজেয়াপ্ত হবে। জামানত নির্ধারিত রশীদ বইয়ের মাধ্যমে জমা দিতে পারবে।

**৭। নির্বাচনিক ফিঃ** প্রত্যেক মনোনয়নের বিপরীতে ৫০/-(পঞ্চাশ টাকা মাত্র) নির্বাচনিক ফি প্রদান করতে হবে। নির্বাচনিক ফি নির্ধারিত রশীদ বই এর মাধ্যমে জমা দেয়া যাবে।

**৮। ভোটার তালিকা প্রেরণঃ** অনলাইনে ওয়েবসাইটের মাধ্যমে ভোটার তালিকা ডাউনলোড করে অথবা অফিস হতেও সংগ্রহ করা যাবে।

**৯। দেয়াল লিখন,পোষ্টার,ও অন্যান্য মাধ্যমে প্রচারঃ** যেকোন প্রকার দেয়াল লিখন নিষিদ্ধ থাকবে।তবে প্রতীক প্রাপ্ত প্রার্থীগন সাদাকালো পোষ্টার,প্রচারপত্র ছাপাতে ও বিলিকরন,টাঙানো ইত্যাদি করতে পারবেন।এছাড়াও অনলাইন সহ অন্যান্য মাধ্যমেও প্রচার প্রচারনা চালাতে পারবেন।

**১০। প্রার্থীতাঃ** আলোর প্রদীপ গঠনতন্ত্রের সপ্তম অধ্যায়ের অনু-৫ এর (ক) দফা দ্বারা স্বীকৃত সকল সদস্যই নির্বাচনের প্রার্থী হতে পারবেন।

**১১। নির্বাচনিক ব্যয়ঃ** কোন বৈধ প্রার্থী ৩৫০০/-(তিন হাজার পাঁচশত টাকা মাত্র) এর অধিক নির্বাচনিক ব্যয় করতে পারবেন না।

**১২। নির্বাচনকালীন সময় অফিস সূচীঃ** নির্বাচনের তফসীল প্রকাশের দিন হতে নির্বাচন অনুষ্ঠানের আগ মহূর্ত সময় পর্যন্ত প্রতিদিন বিকাল ৪.০০ ঘটিকা হতে বিকাল ৬.০০ ঘটিকা পর্যন্ত অফিস খোলা থাকবে।

**১৩। নির্বাচনে অংশ গ্রহনঃ**

**আলোর প্রদীপ গঠনতন্ত্রের অষ্টম অধ্যায়ের অনুচ্ছেদ-২ দ্বারা নির্ধারিত কার্যপরিষদ সদস্য হওয়ার যোগ্যতা ও অযোগ্যতাঃ-**

(ক) সাধারণ সদস্য পদে অন্তত একবছর পূর্ন হওয়া বা সহযোগী অংশে নির্বাচিত প্রতিনিধি হিসেবে নির্বাহী কমিটিতে দায়িত্ব পালনের অভিজ্ঞতা।

(খ) কোন ব্যক্তি বা সদস্য কার্যপরিষদের সদস্য নির্বাচিত হওয়ার বা কার্যপরিষদ সদস্য থাকার যোগ্য হবেন না যদি-

১। বাৎসরিক দানের অর্থ বকেয়া থাকে বা সংগঠনের কোন তহবিলের অর্থ গচ্ছিত থাকে।

২। সংগঠন কর্তৃক নির্ধারিত অন্যান্য চাদা অপরিশোধিত থাকে।

৩। সংগঠনে প্রতিশ্রুত কোন কিছু প্রদানে বিরত বা সক্ষম না হয়।

৪। সাংগঠনিক উপ কমিটির সুপারিশপ্রাপ্ত না হন।

৫। কার্যপরিষদ কর্তৃক কোন সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে শাস্তি প্রাপ্ত হন।

৬। একই মূলনীতির সাথে সামজস্যপূর্ণ অন্য কোন সঙ্ঘ বা সংস্থার নির্বাহী পদে আসীন থাকেন।

৭। বাংলাদেশের আদালত কর্তৃক ফৌজদারি অপরাধে দন্ডিত হন।

৮। চেয়ারম্যান পদে টানা দুই মেয়াদ অতিবাহিত করেন।

৯। কোন রাজনৈতিক দলের সাংগঠনিক পদে আসীন থাকেন।

**১৪। প্রতীক নির্বাচনঃ** প্রাথমিকভাবে ১৮ টি নির্বাচিনী প্রতীক নির্ধারিত থাকলেও প্রার্থীর সংখ্যার উপর প্রতীক বৃদ্ধি করা হবে। প্রত্যেক প্রার্থীকে একটি পছন্দনীয় প্রতীকের নাম মনোনয়ন পত্রের নির্ধারিত অংশে উল্লেখ করতে হবে। তবে যদি একই প্রতীক দুই বা ততোধিক প্রার্থী পছন্দের তালিকায় নির্বাচিত করেন তবে লটারির মাধ্যমে তাদের মধ্যে প্রতীক নির্ধারিত হবে।

**১৫। সার্বিক তথ্যঃ** নির্বাচন কমিশন- ০১৭৭০-০৭৩২৮১/০১৭৩৬-৯০৩১৬৩।

**(উল্লেখ্য যে নির্বাচনের তফসীলে নির্ধারিত বিধি সমূহের এক বা একাধিক বিধি লঙ্ঘিত হলে নির্বাচন কমিশন প্রার্থীতা বাতিল সহ আর্থিক জরিমানা করার ক্ষমতা সংরক্ষন করে)**

রাজিবুর

(মোঃ রাজিবুর রহমান শীতল)
প্রধান নির্বাচন কমিশনার
আলোর প্রদীপ।

**নির্বাচন কমিশন**
**আলোর প্রদীপ**
**সামাজিক উন্নয়নমূলক সংগঠন**
**আলোর প্রদীপ চত্ত্বর,কাবিলপুর,সোনাতলা,বগুড়া।**
স্থাপিতঃ২০০৮খ্রিঃ।

পাসপোর্ট সাইজ ছবি

মোবাইলঃ-০১৭৭০-০৭৩২৮১/০১৭৩৬-৯০৩১৬৩।
ই-মেইলঃallorprodip2008@gmail.com
Web: www.allorprodip2008.org

<u>মনোনয়ন পত্র</u>

প্রার্থীর নামঃ-------------------------------------------------পিতার নামঃ---------------------------------------------
মাতার নামঃ------------------------------------------গ্রামঃ---------------------------- ডাকঘরঃ----------------------
থানা/উপজেলাঃ---------------------------জেলাঃ--------------------সদস্যঃ--------------পেশাঃ-----------------
সদস্যপদ প্রাপ্তির তারিখঃ----------------------------
ইতিপূর্বে কোন সাংগঠনিক দায়িত্ব পালন করলে তার বিবরনঃ-------------------------------------------------------------
-----------------------------------------------------------------------------------------------------------।
কোন সম্মাননা প্রাপ্ত হলে তার বিবরনঃ----------------------------------------------------------------------------
------------------------------------------------------------------------------------------------------------।
সাংগঠনিক উপ-কমিটির সুপারিশ প্রাপ্ত হলে তার নম্বরঃ-----------------বকেয়া থাকলে পরিশোধের রশীদ নম্বরঃ-------------
মোবাইল নম্বরঃ--------------------------------------ই-মেইলঃ-------------------------------------------------------
পছন্দের প্রতীকঃ---------------------------নির্বাচনের সম্ভাব্য ব্যয়ঃ------------------টাকা। যে যে মাধ্যমে প্রচার চালাতে ইচ্ছুকঃ------------------------------------------------------------------------রক্তের গ্রুপঃ----------------------
সমর্থনকারীর নামঃ-----------------------------------সদস্যঃ-------------মোবাইল নম্বরঃ--------------------------।

সমর্থনকারীর স্বাক্ষর ও তারিখঃ

<u>অঙ্গীকারনাম</u>

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে,উপরে উল্লেখিত সকল তথ্য নির্ভূল ও সত্য। আমি আরো অঙ্গীকার করছি নির্বাচন কমিশন কর্তৃক আরোপিত সকল নিয়ম ও আচরনবিধি মেনে চলবো। অন্যথায় নির্বাচন কমিশন আমার বিরুদ্ধে বিধি অনুসারে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা বা মনোনয়ন বা প্রার্থীতা বাতিল করতে পারবে।

প্রার্থীর স্বাক্ষরঃ
তারিখঃ



সংযুক্ত করতে হবেঃ
১। এক কপি পাসপোর্ট সাইজের ছবি।
২। সাংগঠনিক উপ-কমিটির সুপারিশ পত্র বা গোপন নম্বর।
৩। কোন সম্মাননা প্রাপ্ত হলে তার ফটোকপি।
৪। নির্বাচনিক ফি প্রদানের নিশ্চয়ন পত্র/নম্বর।
৫। সদস্য পরিচয়পত্রের ফটোকপি।

**নির্বাচন কমিশন**
**আলোর প্রদীপ**
**সামাজিক উন্নয়নমূলক সংগঠন**
**আলোর প্রদীপ চত্ত্বর,কাবিলপুর,সোনাতলা,বগুড়া।**
স্থাপিতঃ ২০০৮খ্রিঃ।

মোবাইলঃ- ০১৭৭০-০৭৩২৮১/০১৭৩৬-৯০৩১৬৩।
ই-মেইলঃallorprodip2008@gmail.com
Web: www.allorprodip2008.org

আলোর প্রদীপ গঠনতন্ত্র এর সপ্তম অধ্যায়ের অনুচ্ছেদ-২ এর (২) নং দফায় প্রদত্ত ক্ষমতাবলে ৭ম কার্যপরিষদ সাধারণ নির্বাচনের জন্য নিম্নোক্ত প্রতীক সমূহ নির্ধারিত হলোঃ

**<u>প্রতীক সমূহ</u>**

| | | |
|---|---|---|
|  মাস্ক | সাবান  | ছাতা  |
| বেলুন  | স্যানিটাইজার  | আম  |
| ঘুড়ি  | কলম  | গোলাপ  |
| বই  | চশমা  | জগ  |
| দেয়াল ঘড়ি  | ল্যাপটপ  | আপেল  |
| টেবিল ল্যাম্প  | চেয়ার  | আনারস  |

(মোঃ রাজিবুর রহমান শীতল)
প্রধান নির্বাচন কমিশনার
আলোর প্রদীপ।